



ডিন অফিস
বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919
PABX : 9661900-72/4344, 4345
E-mail : deansc@du.ac.bd

নং- বি: অনু:/

/২০১৯-২০২০

তারিখ : ২৪ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ
১০ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭ কলেজের
বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৯-২০২০

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি ৭ কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির 'বিজ্ঞান ইউনিটে' শিক্ষার্থীদের (কোটােসহ) মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী ভর্তির জন্য কলেজ ও বিভাগ মনোনয়ন দেওয়া হলো। মনোনীত শিক্ষার্থীদের আগামী ০২/০১/২০২০ তারিখের মধ্যে ওয়েবসাইটে লগইন করে SIF পূরণ এবং সংশ্লিষ্ট কলেজের পে-ইন-স্লিপ ডাউনলোড করে বিকাশ অথবা সোনালী ব্যাংক লি:-এর 'সোনালী সেবার' মাধ্যমে (ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ব্যতীত) যেকোনো অনলাইন শাখায় নির্ধারিত ফিস জমা দিতে হবে। অতঃপর ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ ফিস জমাদানের পে-ইন-স্লিপের কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে ০২/০১/২০২০ থেকে ০৯/০১/২০২০ তারিখের মধ্যে যোগাযোগ করে নিজ দায়িত্বে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। ভর্তির জন্য মনোনীত কলেজ থেকে ভর্তির ফর্ম সংগ্রহপূর্বক ভর্তির ফর্মের সঙ্গে নিম্নলিখিত কাগজ-পত্রাদি জমা দিতে হবে।

(ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি

(খ) সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সেই প্রতিষ্ঠান প্রধানের প্রসংশাপত্রের ফটোকপি

(গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের কপি

(ঘ) এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার মূলগ্রেডশীট

(ঙ) অনলাইনে পূরণকৃত SIF-এর প্রিন্ট কপি

(চ) টাকা জমা দেয়ার পে-ইন-স্লিপের ফটোকপি

১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাশ ২০ জানুয়ারি ২০২০ তারিখ থেকে আরম্ভ করা হবে।

প্রফেসর ড. তোফায়েল আহমদ চৌধুরী

ডিন, বিজ্ঞান অনুষদ এবং

সমন্বয়কারী, অধিভুক্ত সরকারি ৭ কলেজ 'বিজ্ঞান ইউনিট ভর্তি': ২০১৯-২০২০

ঢাকা বিশ্ববিদ্যালয়